# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৩৯

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ‘‘ওয়ালা" বিক্রি করা ও হেবা করা নিষিদ্ধ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ بَيْعِ الْوَلاَءِ وَهِبَتِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، قَالَ حَدَّثَنَا سُفْيَانُ، وَشُعْبَةُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنْ بَيْعِ الْوَلاَءِ وَهِبَتِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ . وَقَدْ رَوَى يَحْيَى بْنُ سُلَيْمٍ هَذَا الْحَدِيثَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ نَهَى عَنْ بَيْعِ الْوَلاَءِ وَهِبَتِهِ . وَهُوَ وَهَمٌ وَهِمَ فِيهِ يَحْيَى بْنُ سُلَيْمٍ . وَرَوَى عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ وَعَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ وَغَيْرُ وَاحِدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ يَحْيَى بْنِ سُلَيْمٍ .

বাংলা

১২৩৯. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ..... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়ালা বিক্রি করা এবং তা হেবা করা নিষেধ করেছেন। - ইবনু মাজাহ ২৭৪৭, ২৭৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৩৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সাহীহ। আবদুল্লাহ ইবনু দ্বীনার- ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্র ছাড়া এটি এটি সম্পর্কে আমরা কিছু জানি না। আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন। ইয়াহইয়া ইবনু সুলায়ম এই হাদীসটিকে উবায়দুল্লাহ ইবনু উমার-নাফি-ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন যে, তিনি ’ওয়ালা’ বিক্রি ও তা হেবা করা নিষেধ করেছেন। কিন্তু এই সনদটিতে বিভ্রান্তি বিদ্যমান। এতে (উবায়দুল্লাহ্ ইবনু উমার ও আবদুল্লাহ ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু এর মাঝে নাফি’-এর উল্লেখ করে) ইয়াহইয়া ইবনু সুলায়মান ভূল করেছেন। আবদুল ওয়াহহাব ছাকাফী, আবদুল্লাহ ইবনু

নুমায়র প্রমূখ এটিকে উবায়দুল্লাহ্ ইবনু উমার-আবদুল্লাহ ইবনু দ্বীনার -ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। এটি ইয়াহইয়া ইবনু সুলায়ম (রহঃ) এর রিওয়ায়াত থেকে অধিকতর সাহীহ।

## English

Narrated Ibn 'Umar:

"The Messenger of Allah (ﷺ) prohibited selling the Wala' and conferring it."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. We do not know of it except as a narration of 'Abdullah bin Dinar, from Ibn 'Umar.

This Hadith is acted upon according to the people of knowledge.

Yahya bin Sulaim reported this Hadith from 'Ubaidullah bin 'Umar, from Nafi' from Ibn 'Umar from the Prophet (ﷺ), saying "That he prohibited selling the Wala' and conferring it."

But this is mistake from Yahya bin Sulaim. Because 'Abdul Wahhab Ath-Thaqafi, 'Abdullah bin Numair and others reported it from 'Ubaidullah bin 'Umar, from Ibn 'Umar, from the Prophet (ﷺ). And this is more correct than the narration of Yahya bin Sulaim.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন